



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-২০/১০/২০২০খ্রিঃ

### প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর এর গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক ১০০ গ্রাম শুকনো গাঁজা, ২০ পুড়িয়া হেরোইন উদ্ধার এবং ০২ জন মাদক সেবনকারী গ্রেফতারসহ মোট ০৫ জন আসামী গ্রেফতার



ঘটনা-১



ঘটনা-২



ঘটনা-৩

ঘটনা-১ : অদ্য ২০/১০/২০২০ খ্রি. গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এর উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায়, অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর অপারেশন পরিকল্পনায় এসআই (নিঃ) মোঃ আবু সায়েম তালুকদার, এসআই (নিঃ) মোঃ নাজমুল ইসলাম, এসআই (নিঃ) মোঃ রাশেদুল ইসলাম, মোঃ এমদাদুল হোসেন, মোঃ শাহিনুর ইসলাম, আজিজুল ইসলামসহ হারাগাছ থানা এলাকায় অভিযান চালিয়ে উক্ত থানাধীন বাঙ্গীটারী চৌকিদার মোড়স্থ লিটন রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন এর দোকানের সামনে পাকা রাস্তার উপর থেকে ১০০ গ্রাম গাঁজা উদ্ধারসহ আসামী ১। মোঃ এরশাদুল হক (৩২), ২। মোঃ আশাদুল (৪৮), উভয় পিতা- মৃত শরীয়াত উল্লাহ, সাং- বাহার কাছনা বাঙ্গীটারী, ৯নং ওয়ার্ড হারাগাছ, মহানগর, রংপুরদ্বয় কে গ্রেফতার করা হয়। ধৃত আসামীদের বিরুদ্ধে হারাগাছ থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন ২০১৮ ধারায় মামলা দায়ের প্রক্রিয়া চলমান।

ঘটনা-২ : অদ্য ২০/১০/২০২০ খ্রি. রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ ডিবি কর্তৃক কোতয়ালী থানাধীন ৪ নং ওয়ার্ডস্থ পাকার মাথা ভরসা গোড়াউনের উত্তর পার্শ্বে জনৈক জয়নাল আজাদ এর নির্মাণাধীন ভবন এর সামনে চলাচলের পাকা রাস্তার উপর থেকে ২০ পুরিয়া (১ গ্রাম) হেরোইন উদ্ধারসহ আসামী মোঃ নুর ইসলাম (৪৫), পিতা, হেসাব উদ্দিন, মাতা- মৃত নুরজাহান সাং- নিয়ামত পাভার দিঘি ওয়ার্ড নং-৩, থানা- পরশুরাম, আরপিএমপি, রংপুর-কে গ্রেফতার করা হয়। পরবর্তীতে এ সংক্রান্তে কোতয়ালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন ২০১৮ এর ৩৬ (১) সারণি ৮ (ক) ধারায় মামলা রুজু করা হয়।

ঘটনা-৩ : অদ্য ২০/১০/২০২০ খ্রি. রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ ডিবি কর্তৃক কোতয়ালী থানাধীন রংপুর উচ্চ বিদ্যালয়ের ভিতরে মাদক সেবনের প্রস্তুতি গ্রহনকালে ১। মোঃ জাহাঙ্গীর আলম(৪৬), পিতা- মৃত ডাঃ ইব্রাহিম হোসেন, সাং- খটখটিয়া পশ্চিম পাড়া, ২। মোঃ মোজাফফর হোসেন (৪০), পিতা- মোঃ আঃ ছাত্তার, সাং- রাধাবল্লভ, কোতয়ালী, আরপিএমপি-কে গ্রেফতার করা হয় এবং তাদের কাছে থেকে গাঁজা সেবনের কলকি, কলকির ভিতরে সামান্য গাঁজা, লাল রংয়ের কাপরের টুকরা ও দিয়াশলাই ১ টি উদ্ধার করা হয়। ধৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় রংপুর মেট্রোপলিটন পুলিশ আইন ৯০ ধারা মোতাবেক প্রসিকিউশান দাখিল করা হচ্ছে।



২০.১০.২০২০  
(উত্তম প্রসাদ পাঠক)  
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)  
পক্ষে/পুলিশ কমিশনার  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১।